রপ্তানি উন্নয়ন ব্যুরো
টিসিবি ভবন (৫ম তলা)
১, কাওরান বাজার, ঢাকা।

নং-২৬.০২.০০০০.০০৬.১১.৫৪১.২২-৭৫২৫

তারিখঃ ০৭ আশ্বিন, ১৪২৯
২২ সেপ্টেম্বর ২০২২

# নিয়োগ বিজ্ঞপ্তি

রপ্তানি উন্নয়ন ব্যুরোর নিম্নবর্ণিত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অনলাইনে (**http://epb.teletalk.com.bd** ওয়েবসাইটে) পূরণকৃত আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রঃনং | পদের নাম ও জাঃ বেঃ স্কেল/২০১৫ অনুযায়ী গ্রেড | পদের সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১. | সহকারী পরিচালক<br>টাঃ ২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯ম) | ০৬ টি | ২২-৩০ বৎসর | মার্কেটিং/অর্থনীতি/সমাজবিজ্ঞান/পরিসংখ্যান/ব্যবস্থাপনা/ব্যবসা প্রশাসন/লোক প্রশাসনে ২য় শ্রেণি/সমমানের সিজিপিএসহ মাস্টার্স ডিগ্রী। | সকল জেলা |
| ২. | গবেষণা কর্মকর্তা<br>টাঃ ২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯ম) | ০২ টি | ২২-৩০ বৎসর | মার্কেটিং/অর্থনীতি/সমাজবিজ্ঞান/পরিসংখ্যান/ব্যবস্থাপনা/ব্যবসা প্রশাসনে ২য় শ্রেণি/সমমানের সিজিপিএসহ মাস্টার্স ডিগ্রী। | |
| ৩. | হিসাবরক্ষণ কর্মকর্তা<br>টাঃ ২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯ম) | ০১ টি | ২২-৩০ বৎসর | বাণিজ্যে ২য় শ্রেণির মাস্টার্স ডিগ্রী। | |
| ৪. | নির্বাহী সহকারী<br>টাঃ ১২৫০০-৩০২৩০/-<br>(গ্রেড-১১তম) | ০১ টি | ২০-৩০ বৎসর | অর্থনীতি/পরিসংখ্যান/ বাণিজ্য/ সমাজ বিজ্ঞান/রাষ্ট্র বিজ্ঞানসহ স্নাতক ডিগ্রী। | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, কিশোরগঞ্জ, টাংগাইল, ময়মনসিংহ, জামালপুর, চট্টগ্রাম, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, লক্ষ্মীপুর, রাজশাহী, নওগা, নাটোর, গাইবান্ধা, লালমনিরহাট, পঞ্চগড়, ঝিনাইদহ, কুষ্টিয়া, পিরোজপুর, সিলেট, মৌলভিবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ। তবে এতিম ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে সকল জেলা প্রযোজ্য। |
| ৫. | তদন্তকারী<br>টাঃ ১২৫০০-৩০২৩০/-<br>(গ্রেড-১১তম) | ০৭ টি | ২২-৩০ বৎসর | অর্থনীতি/পরিসংখ্যান/ বাণিজ্য/ অংক/সমাজ বিজ্ঞানসহ স্নাতক ডিগ্রী। | |
| ৬. | সহকারী সম্পাদক<br>টাঃ ১২৫০০-৩০২৩০/-<br>(গ্রেড-১১তম) | ০১ টি | ২২-৩০ বৎসর | ১। স্নাতক ডিগ্রী;<br>২। সাংবাদিকতা, পাবলিকেশন, ট্রেড হ্যান্ড বুক তেরির ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। | |
| ৭. | ফটোগ্রাফার<br>টাঃ ১১৩০০-২৭৩০০/-<br>(গ্রেড-১২তম) | ০১ টি | ২২-৩০ বৎসর | ১। এইচ.এস.সি; এবং<br>২। ফটোগ্রাফার হিসাবে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। | |
| ৮. | সাঁট লিপিকার কাম-কম্পি: অপারেটর<br>টাঃ ১১০০০-২৬৫৯০/-<br>(গ্রেড-১৩ তম) | ০১ টি | ২২-৩০ বৎসর | ১। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>২। কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>৩। ইংরেজী ও বাংলা সাঁটলিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর-এ প্রতি মিনিটে গতি যথাক্রমে ৮০/৫০ এবং ৩০/২৫ শব্দ। | |
| ৯. | কম্পিউটার অপারেটর<br>টাঃ ১১০০০-২৬৫৯০/-<br>(গ্রেড-১৩ তম) | ০১ টি | ২২-৩০ বৎসর | ১। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী; এবং<br>২। ইংরেজী ও বাংলা কম্পিউটার মুদ্রাক্ষর-এ প্রতি মিনিটে গতি যথাক্রমে ৩০/২৫ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | |
| ১০. | ইউডিএ কাম-একাউনটেন্ট<br>টাঃ ১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড-১৪তম) | ০২ টি | ২০-৩০ বৎসর | বাণিজ্যে স্নাতক ডিগ্রী। | |
| ১১. | হিসাব সহকারী (ইউডিএ)<br>টাঃ ১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড-১৪তম) | ০১ টি | ২০-৩০ বৎসর | বাণিজ্যে স্নাতক ডিগ্রী। | |
| ১২. | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>টাঃ ১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড-১৪তম) | ০২ টি | ১৮-৩০ বৎসর | ১। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>২। কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>৩। ইংরেজী ও বাংলা সাঁটলিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর-এ প্রতি মিনিটে গতি যথাক্রমে ৭০/৪৫ এবং ৩০/২৫ শব্দ। | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৩. | অভ্যর্থনাকারী<br>টাঃ ১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড-১৪তম) | ০১ টি | ১৮-৩০ বৎসর | স্নাতক ডিগ্রী। | |
| ১৪. | টেলিফোন অপারেটর<br>টাঃ ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬তম) | ০১ টি | ১৮-৩০ বৎসর | ১। এইচ.এস.সি;<br>২। টেলিফোন এক্সচেঞ্জ অথবা পিএবিএক্স বোর্ডে ২(দুই) বৎসরের কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী অগ্রাধিকার পাবেন। | |
| ১৫. | নিম্নমান সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>টাঃ ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬তম) | ০৮ টি | ১৮-৩০ বৎসর | ১। কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ/সমমানের সিজিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>২। ইংরেজী ও বাংলা কম্পিউটার মুদ্রাক্ষর-এ প্রতি মিনিটে গতি যথাক্রমে ২০/২০ শব্দ। | |
| ১৬. | কম্পিউটেটর<br>টাঃ ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬তম) | ০১ টি | ১৮-৩০ বৎসর | ১। এইচ.এস.সি;<br>২। কম্পিউটেটর হিসাবে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী অগ্রাধিকার পাবেন। | |
| ১৭. | গাড়ীচালক<br>টাঃ ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬তম) | ০৩ টি | ১৮-৩০ বৎসর | ১। কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>২। হালকা গাড়ী চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স;<br>৩। অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন। | |
| ১৮. | অফিস সহায়ক<br>(এমএলএসএস)<br>টাঃ ৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০তম) | ০১ টি | ১৮-৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমানের পরিক্ষায় উত্তীর্ণ। | ঢাকা, গাজীপুর, চট্টগ্রাম, চাঁদপুর, পাবনা, নওগাঁ, বগুড়া, খুলনা, সিলেট। তবে এতিম ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে সকল জেলা প্রযোজ্য। |
| ১৯. | অফিস সহায়ক কাম নিরাপত্তা প্রহরী<br>(এমএলএসএস কাম-গার্ড)<br>টাঃ ৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০তম) | ০৮ টি | ১৮-৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমানের পরিক্ষায় উত্তীর্ণ। | |

<u>নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:</u>

১। ২৫-০৩-২০২০ খ্রি. তারিখে সাধারণ ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। তবে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমানের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবেনা।

২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

৩। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। ৮, ৯, ১২, ১৫, ১৬ ও ১৭ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ এবং ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ১০, ১১, ১৩, ১৪, ১৮ ও ১৯ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

৪। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসাবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ প্রদান করতে হবে। চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র দাখিল করতে হবে।

৫। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সে মর্মে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধার সার্টিফিকেট এর সত্যায়িত কপি এবং মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে, সে ক্ষেত্রে প্রমাণস্বরুপ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৬। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না।

৭। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৮। একই প্রার্থী একাধিক পদের জন্য আবেদন করতে পারবেন না।

৯। অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি <u>http://epb.teletalk.com.bd</u> এই ওয়েবসাইটে আবেদনপত্র পুরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) online-এ আবেদনপত্র পুরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০২/১০/২০২২ সকাল-১০:০০ ঘটিকা।

(ii) online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ৩১/১০/২০২২ বিকাল-০৫:০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সর্ম্পকে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: online-এ আবেদনপত্র (Application From) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন প্রার্থী একটি user ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ ১ হতে ৩ নং ক্রমিকে বর্ণিত পদসমূহের জন্য আবেদন ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৪ (চব্বিশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৪ (দুইশত চব্বিশ) টাকা, ৪ হতে ১৭ ক্রমিকে বর্ণিত পদসমূহের জন্য আবেদন ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২ (বার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২ (একশত বার) টাকা এবং ১৮ ও ১৯ ক্রমিকে বর্ণিত পদসমূহের জন্য আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬ (ছয়) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৫৬ (ছাপ্পান্ন) টাকা Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS:** EPB<space>UserID লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: EPB ABCDEF

Reply: Applicant's Name, TK-১১২/৫৬ will be charged as application fee. Your PIN is ১২৩৪৫৬৭৮. To pay fee Type EPB<Space>Yes<space>PIN and send to ১৬২২২.

**দ্বিতীয় SMS:** EPB <space>Yes<space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: EPB Yes ১২৩৪৫৬৭৮

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for EPB Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://epb.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: **EPB**<space>**Help**<space>**User**<space>**UserID** & Send to 16222.

Example: **EPB Help User ABCDEF**

(ii) PIN Number জানা থাকলে: **EPB**<space>**Help**<space>**PIN**<space>**PIN Number** & Send to 16222.

Example: **EPB Help PIN 12345678**

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও রপ্তানি উন্নয়ন ব্যুরোর ওয়েবসাইট www.epb.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.epb.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা dd-ict@epb.gov.bd ই-মেইল যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ **https://www.facebook.com/alljobsbdTeletalk** এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: EPB, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বো কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহন করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঠ) এ নিয়োগ বিজ্ঞপ্তি সংক্রান্ত কোন জিজ্ঞাসা থাকলে প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো (মোবাইল নং-০১৭৪১-৪২৯৮৩২) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

৯। online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৯/৯/২০২২

সচিব
রপ্তানি উন্নয়ন ব্যুরো
ও
সদস্য সচিব
নিয়োগ/নির্বাচনি ও পদোন্নতি কমিটি